গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্যসেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৮.২০১৭- ৬৭৭ তারিখঃ ২১.০৮.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ বেগম নাছিমা পারভীন, লাইন ডাইরেক্টর ও ভারপ্রাপ্ত পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা

## অভিযোগনামা

যেহেতু, আপনি বেগম নাছিমা পারভীন, লাইন ডাইরেক্টর ও ভারপ্রাপ্ত পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নার্সিং অধিদপ্তরের ওভারসিস প্রোগ্রামের জন্য এক বা একাধিক প্রতিষ্ঠানের মাধ্যমে জাল-জালিয়াতি করে মালয়েশিয়াতে নার্সদের ট্রেনিংয়ের জন্য ইউনিভার্সিটি অব মালয়া'র ভূয়া কাগজপত্র তৈরি করে তাতে নিজের কোম্পানির এ্যাকাউন্টে টাকা নেয়ার আয়োজন করেছিলেন;

যেহেতু, লাইন ডাইরেক্টর পদের সঠিক দায়িত্ব পালন না করে আপনি দুর্নীতির আশ্রয় নিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর ইউনিভার্সিটি অব মালয়া'র নামে ভূয়া ব্যাংক হিসাব নম্বর প্রেরণ করেছেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে ভূয়া ব্যাংক হিসাব নম্বর প্রেরণের বিষয়ে জানতে চাওয়ার পরও অর্থ ছাড়ের প্রস্তাবে ইউনিভার্সিটি অব মালয়া'র নামে পুনরায় নতুন আর একটি ভূয়া ব্যাংক হিসাব নম্বরসহ মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন;

যেহেতু, নার্সিং ওভারসিস ট্রেনিং প্রোগ্রামের জন্য এক বা একাধিক প্রতিষ্ঠান জাল জালিয়াতির মাধ্যমে মালয়েশিয়ায় নার্সদের ট্রেনিংয়ের জন্য ইউনিভার্সিটি মালয়া'র নামে ভূয়া কাগজপত্র তৈরি করে তাতে নিজের কোম্পানির এ্যাকাউন্টে টাকা নেয়ার অভিযোগ তদন্ত করার জন্য গঠিত তদন্ত কমিটি আপনার বিরুদ্ধে উত্থাপিত উপরোল্লিখিত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

২১.০৮.২০১৭
(মোঃ সিরাজুল হক খান)
সচিব

বেগম নাছিমা পারভীন,
লাইন ডাইরেক্টর ও ভারপ্রাপ্ত পরিচালক,
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৮.২০১৭- ৬৭৭/১(৬) তারিখঃ ২১.০৮.২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা। (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২। সিনিয়র সহকারী সচিব (নার্সিং শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (নার্সিং), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিসটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।

২১/০৮/২০১৭
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

# অভিযোগ বিবরণী

আপনি বেগম নাছিমা পারভীন, লাইন ডাইরেক্টর ও ভারপ্রাপ্ত পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর নার্সিং ওভারসিস ট্রেনিং প্রোগ্রামের জন্য এক বা একাধিক প্রতিষ্ঠান কর্তৃক জাল জালিয়াতির মাধ্যমে মালয়েশিয়ায় নার্সদের ট্রেনিংয়ের জন্য ইউনিভার্সিটি মালয়া'র নামে ভুয়া কাগজপত্র তৈরি করে তাতে নিজের কোম্পানির এ্যাকাউন্টে টাকা নেয়ার প্রচেষ্টায় জড়িত ছিলেন। আপনার উপরোল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে অভিযুক্ত হয়েছেন।

২০.৫.২০১৭

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্যসেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৮.২০১৭- ৩৭৮ তারিখঃ ২২.০৮.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ বেগম নাছিমা পারভীন, ভারপ্রাপ্ত পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা

## অভিযোগনামা

যেহেতু, আপনি বেগম নাছিমা পারভীন, ভারপ্রাপ্ত পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর পদোন্নতি প্রদানে সহযোগিতার আশ্বাস প্রদান করে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের সাধারণ নার্স ও শিক্ষকদের নিকট থেকে উপঢৌকন হিসেবে স্বর্ণালংকার এবং শাড়ি গ্রহণ করেছেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে জেনারেল হাসপাতাল, বরিশাল হতে উপঢৌকন হিসেবে শাড়ী এবং শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল হতে উপঢৌকন হিসেবে কানের ঝুমকা, চেইন এবং শাড়ী গ্রহণের বিষয়টি তদন্ত করার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, জেনারেল হাসপাতাল, বরিশাল হতে উপঢৌকন হিসেবে শাড়ী এবং শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল হতে উপঢৌকন হিসেবে কানের ঝুমকা, চেইন এবং শাড়ী গ্রহণের অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটি আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

বেগম নাছিমা পারভীন,
ভারপ্রাপ্ত পরিচালক,
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৮.২০১৭- ৩৭৮/১(৬) তারিখঃ ২২.০৮.২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা। (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২। সিনিয়র সহকারী সচিব (নার্সিং শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (নার্সিং), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিসটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।

২২/০৮/২০১৭

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

# অভিযোগ বিবরণী

আপনি বেগম নাছিমা পারভীন, ভারপ্রাপ্ত পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের সাধারণ নার্স ও শিক্ষকদের পদোন্নতি প্রদানে সহযোগিতা করার জন্য জেনারেল হাসপাতাল, বরিশাল হতে উপঢৌকন হিসেবে শাড়ী এবং শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল হতে উপঢৌকন হিসেবে কানের ঝুমকা, চেইন এবং শাড়ী গ্রহণ করেছেন। আপনার উপরোল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে অভিযুক্ত হয়েছেন।

২০১৭

(মোঃ সিরাজুল হক খান)
সচিব